লেন্স এশিয়া

২৩ জুলাই, ২০২৬

# এমপি গাজী নজরুলের আরও এক ভিডিও ভাইরাল, সঙ্গে তরুণী



ছবি: সংগৃহীত

সাতক্ষীরা-৪ আসনের সংসদ সদস্য গাজী নজরুল ইসলামের আরও একটি ব্যক্তিগত মুহূর্তের ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে। ভিডিওতে তাকে এক তরুণীর সঙ্গে ঘনিষ্ঠ অবস্থায় দেখা যায়। তবে ভিডিওতে থাকা তরুণীর পরিচয় সম্পর্কে এখনো কোনো তথ্য জানা যায়নি।

এর আগে গাজী নজরুল ইসলামকে এক তরুণীর সঙ্গে দেখা যায় এমন একাধিক ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়। এ বিষয়ে গাজী নজরুল ইসলাম ও তার পরিবারের পক্ষ থেকে ওই তরুণীকে তার দ্বিতীয় স্ত্রী মরিয়ম বলে জানানো হয়।

এ ঘটনায় নৈতিক স্খলনের অভিযোগ প্রমাণিত হওয়ায় গাজী নজরুল ইসলামকে বাংলাদেশ জামায়াতে ইসলামী থেকে বহিষ্কার করা হয়েছে।

এরই মধ্যে ওই তরুণীকে সঙ্গে নিয়ে একটি হোটেলে প্রবেশের আরও একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে। তবে নতুন ভিডিওতে থাকা তরুণীই গাজী নজরুলের দ্বিতীয় স্ত্রী মরিয়ম কি না, তা নিশ্চিত হওয়া যায়নি।

সিসিটিভি ফুটেজে দেখা যায়, গাজী নজরুল ইসলাম প্রথমে হোটেলে প্রবেশ করে কাউন্টারে থাকা এক ব্যক্তির সঙ্গে কথা বলছেন। কিছুক্ষণ পর এক তরুণী হোটেলে প্রবেশ করে তার পাশে এসে দাঁড়ান। পরে কাউন্টারে থাকা ব্যক্তির ইশারায় গাজী নজরুল ও ওই তরুণীকে একসঙ্গে হোটেলের কক্ষের দিকে যেতে দেখা যায়।

ফুটেজের পরবর্তী অংশে কক্ষের বাইরে গাজী নজরুল ইসলাম ও ওই তরুণীর কিছু ব্যক্তিগত মুহূর্তের দৃশ্যও দেখা যায়।